

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১০. ২০১৮- ২২৭০

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

এডিস মশার বংশবিস্তার রোধকল্পে ঢাকা মহানগরীসহ সারাদেশে মশক নিধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ, সংস্থা/ দপ্তর এবং সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা ও উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ জরুরি ভিত্তিতে মশক নিধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করেছে। এ কর্মসূচিতে জনগণকে সম্পৃক্তকরণ, ঘর ও বাড়ির আঞ্জিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, সচেতনতা বৃদ্ধি, জমে থাকা পানি নিয়মিত পরিষ্কার রেখে ডেঙ্গু প্রতিরোধে সহায়তা করার জন্য জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ একটি ৫০(পঞ্চাশ) সেকেন্ডের TVC এবং অডিও নির্মাণ করেছে যা বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, বাংলাদেশ বেতার এবং সকল বেসরকারি টিভি চ্যানেলে প্রচার করা হচ্ছে। এ ছাড়াও এডিস মশা, ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ে বিভিন্ন অনুষ্ঠান, টক-শো এবং সংবাদ পরিবেশিত হচ্ছে। এ সংক্রান্ত বিষয়ে মনিটরিং করে প্রতি ৩(তিন) দিন পর পর একটি প্রতিবেদন দাখিলের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে মিডিয়া মনিটরিং সেল গঠন করা হলঃ

- ১) জনাব সোহরাব হোসেন, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ - আহবায়ক।
- ২) বেগম জেসমিন পারভীন, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ - সদস্য।
- ৩) জনাব আ. ন. ম. ফয়জুল হক, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ - সদস্য।
- ৪) জনাব মোহাম্মদ মাহমুদুল হাসান, জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় - সদস্য-সচিব।

কার্যপরিধিঃ

- (ক) মিডিয়া মনিটরিং সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ TVC এবং অডিওটি প্রচারের বিষয়ে ৩(তিন) দিন পর পর একটি প্রতিবেদন অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর নিকট দাখিল করবেন।
- (খ) বর্ণিত প্রতিবেদনে এডিস মশা, ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ে বিভিন্ন অনুষ্ঠান, টক-শো এবং সংবাদ এর সারাংশ সন্নিবেশ করতে হবে।
- (খ) তথ্য মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে এ বিভাগের সম্প্রচার কার্যক্রমকে বেগমান করবেন।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ এরশাদুল হক)

উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: lgadmin1@lgd.gov.bd

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১০. ২০১৮- ২২৭০/৩(৬)

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ৪। যুগ্মসচিব/পরিচালক/যুগ্মপ্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(মোঃ এরশাদুল হক)

উপসচিব